# কীভাবে ভোট দেবেন

ভোট দেওয়ার তিনটি ভিন্ন উপায় রয়েছে:

**সশরীরে:** আপনার ভোটকেন্দ্র কোথায়, তা জানিয়ে আপনাকে একটি পোলিং কার্ড/চিঠি পাবেন। ভোটকেন্দ্রে ব্যালট পেপার পেতে আপনাকে অবশ্যই আপনার প্রকৃত গ্রহণযোগ্য ফটো আইডি দেখাতে হবে।

**ডাকযোগে:** আপনি যদি সশরীরে ভোট দিতে সক্ষম না হন, তাহলে আপনি ডাকযোগে ভোট দেওয়ার জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আপনাকে ফটো আইডি প্রদান করতে হবে না। আপনি যখন আপনার পোস্টাল ভোট প্যাক ফেরত পাঠাবেন, তখন কাউন্সিলের রিটার্নিং অফিসার আপনার স্বাক্ষর এবং জন্মতারিখের নিরাপত্তা যাচাই করবেন। ডাকযোগে ভোট দেওয়ার জন্য আপনি www.gov.uk/apply-postal-vote-এ আবেদন করতে পারবেন।

**প্রক্সির মাধ্যমে:** আপনি যদি সশরীরে ভোট দিতে না পারেন, তাহলে আপনার পক্ষ থেকে ভোট দেওয়ার জন্য কাউকে মনোনীত করতে পারেন। মনোনীত প্রতিনিধি ভোটকেন্দ্রে যেতে পারবেন এবং তাকে তার নিজের ফটো আইডি প্রদান করতে হবে অথবা তারা ডাকযোগে ভোট দেওয়ার জন্য আবেদন করতে পারবেন। আপনি www.gov.uk/apply-proxy-vote- এ প্রতিনিধির মাধ্যমে ভোট দেওয়ার জন্য আবেদন করতে পারবেন।

# ভোট নেই তো, আওয়াজ নেই

## ভোটার নিবন্ধন এবং ভোটার আইডি

এই বিষয়গুলো সম্পর্কে আরও জানুন:

- কারা নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবে
- ভোট দিতে কিভাবে নিবন্ধন করবেন
- কখন এবং কীভাবে ভোট দেবেন
- ফটো ভোটার আইডি

GLA ডেমোক্রেসি হাব
https://registertovote.london/-এ
ভিজিট করুন

GREATER LONDON AUTHORITY #NOVOTE NOVOICE SOUK SHOUT OUT UK

Supported by the Greater London Authority, City Hall, Kamal Chunchie Way, London, E16 1ZE. Printed and promoted by Shout Out UK, 240 Portobello Road, London, W11 1LL.